



বাংলাদেশ চা বোর্ড

প্রধান কার্যালয়

১৭১-১৭২, বায়েজীদ বোসামী রোড

নাসিরাবাদ, চট্টগ্রাম।

সেপ্টেম্বর/২০১৭ মাসের অগ্রগতি প্রতিবেদন

১. Extension of Small Holding Tea Cultivation in Northern Bangladesh:

বৃহত্তর পঞ্চগড়, ঠাকুরগাঁও, লালমনিরহাট, দিনাজপুর এবং নীলফামারী জেলায় ৫০০ (পাঁচশত) হেক্টর জমিতে চা চাষ সম্প্রসারণের লক্ষ্যে ৪৯৭.৬০ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে “Extension of Small Holding Tea Cultivation in Northern Bangladesh” শীর্ষক প্রকল্পটি গত ১০/১১/২০১৫ তারিখে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত প্রকল্পের ২০১৬-২০১৭ অর্থ সনের ভৌত অগ্রগতি ৪৪.৮৬% এবং আর্থিক অগ্রগতি ৩৮.০৬% এবং এ পর্যন্ত প্রকল্পের ভৌত অগ্রগতি ২৬.৪৪% এবং আর্থিক অগ্রগতি ২৯.৭০%।

২. Eradication of Rural Poverty by Extension of Small Holding Tea Cultivation in Lalmonirhat:

লালমনিরহাট জেলায় ১০০ হেক্টর জমিতে ক্ষুদ্রায়তন চা চাষ সম্প্রসারণের জন্য ৪৪৬.৮৯ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে “Eradication of Rural Poverty by Extension of Small Holding Tea Cultivation in Lalmonirhat” শীর্ষক প্রকল্পটি গত ১০/১১/২০১৫ তারিখে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত প্রকল্পের ২০১৬-২০১৭ অর্থ সনের ভৌত অগ্রগতি ৭.২৩%, আর্থিক অগ্রগতি ৩১.৯৩% এবং এ পর্যন্ত প্রকল্পের ভৌত অগ্রগতি ৩২.১০% এবং আর্থিক অগ্রগতি ৩৯.৯৩%।

৩. Extension of Small Holding Tea Cultivation in Chittagong Hill Tracts:

পার্বত্য চট্টগ্রামে চা চাষ সম্প্রসারণ কার্যক্রম চলমান রাখার জন্য ৯৯৯.৩৫ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে “Extension of Small Holding Tea Cultivation in Chittagong Hill Tracts” শীর্ষক নতুন একটি প্রকল্প গত ১৯/০৬/২০১৬ তারিখে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদিত হয়েছে। প্রকল্পের মেয়াদ ০১ জানুয়ারী ২০১৬ হতে ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত। বাণিজ্য মন্ত্রণালয় গত ২৩-০৩-২০১৭ তারিখে প্রকল্পের অনুকূলে জিওবি খাতে ২০১৬-২০১৭ অর্থ বছরে বরাদ্দকৃত ৫৮.৫৬ লক্ষ টাকার মধ্যে এককালীন (১ম -৩য় কিস্তি) ৪৩.৯২ লক্ষ টাকা অবমুক্ত করেছে।